

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৫২১

৪৫/ দু'আসমূহ (ﷺ ১৯৫/ দু'আসমূহ (১৯৫) পরিচ্ছেদঃ ৮৯. (সকল দু'আর সমাহার)

باب

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ حَاتِمٍ الْمُؤَدِّبُ، حَدَّثَنَا عَمَّارُ بْنُ مُحَمَّدِ ابْنُ أُخْتِ، سُفْيَانَ التَّوْرِيِّ حَدَّثَنَا اللَّهِ اللَّيْثُ بْنُ أَبِي سُلَيْمٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ سَابِطٍ، عَنْ أَبِي أُمَامَةَ، قَالَ دَعَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم بِدُعَاءٍ كَثِيرٍ لَمْ نَحْفَظْ مِنْهُ شَيْئًا قُلْنَا يَا رَسُولَ اللَّهِ دَعَوْتَ بِدُعَاءٍ صلى الله عليه وسلم بِدُعَاءٍ كَثِيرٍ لَمْ نَحْفَظْ مِنْهُ شَيْئًا قُلْنَا يَا رَسُولَ اللَّهِ دَعَوْتَ بِدُعَاءٍ كَثِيرٍ لَمْ نَحْفَظْ مِنْهُ شَيْئًا . فَقَالَ " أَلاَ أَدُلُّكُمْ عَلَى مَا يَجْمَعُ ذَلِكَ كُلَّهُ تَقُولُ اللَّهُمَّ إِنَّا نَسْأَلُكَ مِنْ خَيْرٍ مَا سَأَلُكَ مِنْهُ نَبِيُّكَ مُحَمَّدٌ وَنَعُوذُ بِكَ مِنْ شَرِّ مَا اسْتَعَاذَ بِكَ مِنْهُ نَبِيلًا مُحْمَّدٌ وَلاَ حَوْلَ وَلاَ قُوَّةَ إِلاَّ بِاللَّهِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثَ حَسَنٌ غَرِيبٌ .

বাংলা

৩৫২১। আবূ উমামা (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অনেক দু'আই করেছেন কিন্তু আমরা তার কিছুই মনে রাখতে পারিনি। আমরা বললাম, হে আল্লাহর রাসূল! আপনি অনেক দু'আই করেছেন কিন্তু আমরা তার কিছুই মনে রাখতে পারিনি। তিনি বললেনঃ আমি কি তোমাদেরকে এমন কিছু বলে দিব না, যা সেই সকল দু'আর সমষ্টি হবে? তোমরা বলঃ "হে আল্লাহ! আমরা তোমার নিকট সেই কল্যাণ আশা করি যা তোমার নবী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তোমার নিকট আশা করেছেন এবং আমরা তোমার নিকট সেই অনিষ্ট হতে রক্ষা চাই যে অনিষ্ট হতে তোমার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আশ্রয় চেয়েছেন। তুমিই একমাত্র সাহায্যকারী এবং তুমিই (কল্যাণ) পৌছিয়ে দাও। আল্লাহ তা'আলা ছাড়া অনিষ্ট রোধ করার এবং কল্যাণ পৌছানোর আর কোন ক্ষমতাবান নেই"।

যঈফ, যঈফা (৩৩৫৬)

আবূ ঈসা বলেনঃ এ হাদীসটি হাসান গারীব।



English

Abu Umamah narrated:

"The Messenger of Allah (ﷺ) supplicated with many supplications of which we did not preserve a thing. We said: 'O Messenger of Allah, you supplicated with many supplications of which we did not preserve a thing.' He (ﷺ) said: 'Should I not direct you to what will include all of that? That you say: O Allah, we ask You from the good of what Your Prophet Muhammad (ﷺ) asked You for, and we seek refuge in You from the evil of that which Your Prophet Muhammad (ﷺ) sought refuge in You from, and You are the one from Whom aid is sought, and it is for You to fulfill, and there is no might or power except by Allah (Allāhumma innā nas'aluka min khairi mā sa'alaka minhu nabiyyuka Muḥammad, ṣallallāhu `alaihi wa sallam, wa na`ūdhu bika min sharri masta`ādha minhu nabiyyuka Muḥammad, ṣallallāhu `alaihi wa sallam, wa antal-musta`ānu wa `alaikal-balāgh, wa lā ḥawla wa lā quwwata illā billāh).'"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন